

## সঠিক তথ্য জানাই হচ্ছে টিবি-র সমাধান



টিবি ছড়িয়ে পড়া রোধ করার জন্য রোগীর উচিত সর্বদা রুমাল দিয়ে মুখ ঢেকে কাশা ও হাঁচা।



যেদিকে-সেদিকে খুঁতু ফেলবেন না।



লক্ষণ দেখা দিলে ডাক্তারের পরামর্শ নিয়ে পরীক্ষা করান।



টিবি-র চিকিৎসার সময় রোগের সঙ্গে লড়াইয়ের শক্তির জন্য স্বাস্থ্যকর আহাৰ নিন।



টিবি-র জন্য স্বাস্থ্যকর আহাৰ: ডাল, শাকসবজি, দুধ আর দুধ থেকে তৈরি পদার্থ, তেল আর ঘি, রুটি, ভাত, চিনেবাদাম, পেয়ারা আর কলার মতো ফল, ইত্যাদি।

## নিষ্কয় পুষ্টি যোজনা

নিষ্কয় পুষ্টি যোজনার অন্তর্গত ভারত সরকার টিবি রোগীদের স্বাস্থ্যকর আহাৰের জন্য প্রতি মাসে ₹500 আর্থিক সাহায্য দেয়। এই সহায়তা চিকিৎসা সম্পূর্ণ হওয়া পর্যন্ত চালু থাকে।

এই যোজনার সুবিধা নেওয়ার জন্য রোগীকে ভারত সরকারের নিষ্কয় যোজনার সদস্য অবশ্যই হতে হবে। নিষ্কয়-এর সদস্য হওয়ার জন্য নীচে দেওয়া সম্পূর্ণ তথ্য আপনার ডাক্তার / জিত টিমকে দিন।

এই যোজনার সুবিধা নেওয়ার জন্য দয়া করে নীচে দেওয়া তথ্য জানান:

- রোগীর নাম আর ফোন নম্বর
- রোগীর ব্যাংক অ্যাকাউন্ট নম্বর
- ব্যাংকের নাম, ব্যাংকের ঠিকানা
- ব্যাংকের IFSC কোড

ভেরিফিকেশনের জন্য আপনার ব্যাংকের পাসবুক অবশ্যই দেখাবেন।

ব্যাংকের পাসবুক আর আধার কার্ড (বা অন্য কোনো ID প্রুফ)-এর ফোটোকপি



জনস্বার্থে প্রচারিত



Joint Effort for Elimination of Tuberculosis

জনস্বার্থে প্রচারিত



Joint Effort for Elimination of Tuberculosis



## টিবি-র রোগ কী ?

টিবি ব্যাক্টেরিয়া থেকে ছড়িয়ে পড়া সংক্রামক রোগ যার শিকার যে-কেউ হতে পারে। টিবি-র জীবাণু রোগী কাশলে বা হাঁচলে বাতাসের সঙ্গে মিশে যায় আর অন্যদের সংক্রমিত করতে পারে। ঘাবড়াবেন না, টিবি থেকে রক্ষা পাওয়াও যেতে পারে আর টিবি-কে হারিয়ে দেওয়াও যেতে পারে। টিবি-র লক্ষণ দেখলেই দ্রুত ডাক্তারের পরামর্শ নিন।




## টিবি-র প্রধান লক্ষণসমূহ



2 সপ্তাহের বেশি সময় ধরে কাশি।



কাশির সময় মুখ থেকে রক্ত আসা।



জ্বর হওয়া।



ওজন কমে যাওয়া।



কাশির সাথে শ্লেষ্মা বেরনো।



খিদে কমে যাওয়া।

## টিবি-র পরীক্ষা করাতে দেরি করবেন না



টিবি-র পরীক্ষার জন্য ডাক্তারের সঙ্গে যোগাযোগ করুন। কফ পরীক্ষা করে টিবি-র বিষয়ে জানা যেতে পারে। মনে রাখবেন, সঠিক পরীক্ষার জন্য কাশির শ্লেষ্মা দেবেন, থুতু নয়।

## টিবি-র চিকিৎসা



টিবি-র চিকিৎসা হতে পারে।  
ওষুধ 6 থেকে 8 মাস বা তারও  
বেশি সময় পর্যন্ত লাগাতার চলে।



ওষুধ যতটা সময় পর্যন্ত বলা হবে  
ততটা সময় পর্যন্ত পুরোপুরি  
নেবেন। ডাক্তারের পরামর্শ নিয়ে  
তবেই ওষুধ বন্ধ করবেন।



চিকিৎসা মারাখানে বাদ দিলে  
অথবা ওষুধ অনিয়মিতরূপে  
খেলে টিবি-র চিকিৎসা সুফল  
দেবে না এবং প্রাণঘাতী  
হতে পারে।

## চিকিৎসার সময়ে মনে রাখুন



টিবি-র চিকিৎসার সময়ে তামাক,  
বিড়ি, সিগারেট, হুঁকো, মদের  
মতো যে-কোনো নেশার বস্তু  
থেকে দূরে থাকুন।

টিবি-র ওষুধ খেলে তার কিছু প্রভাব দেখা যেতে পারে যেমন,  
বমির ভাব, বমি হওয়া, প্রস্রাব-লালা-চোখের জলের রং কমলা বা  
লাল হওয়া, পেটব্যথা হওয়া। তাতে ঘাবড়াবেন না। কষ্ট বাড়লে  
ডাক্তারের পরামর্শ নিন, তবে নিজে-নিজে ওষুধ বন্ধ করবেন না।